

## প্রতি বছর শিক্ষার্থী বাড়লেও বাজেট কমছে : শিক্ষামন্ত্রী

### যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশে প্রতি বছর শিক্ষার্থী বাড়লেও কর্মসম্পাদন হারে এই বাজেট বরাদ্দ কমছে। প্রয়োজনের তুলনায় অপ্রতুল বাজেট নিয়েই দেশের শিক্ষা ব্যবস্থা চালিয়ে নিতে হচ্ছে।

বৃহস্পতি দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) স্মরণ-রুমী মিলনায়তনে পিএসসি ও জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ-সেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ঢাকা রিপোর্টার্স ইউনিটি এ অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, নতুন বাংলাদেশ গড়তে দেশের নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে হবে। সেজন্যই দেশের শিক্ষা নীতিতে পরিবর্তন আনা হয়েছে। আগে একজন দেশসেরা হতো। এখন হাজার হাজার শিক্ষার্থী দেশসেরা হওয়ার সুযোগ পাচ্ছে। তাছাড়া বর্তমানে ৯৯ শতাংশ শিক্ষার্থী বিদ্যালয়ে উপস্থিত থাকে। প্রাথমিক ও মাধ্যমিকে ছাত্রের চেয়ে ছাত্রীর সংখ্যা বেড়েছে। বর্তমানে দেশে প্রাথমিকে ছাত্রীর সংখ্যা ৫১ শতাংশ এবং মাধ্যমিকে ৫৩ শতাংশ।

শিক্ষামন্ত্রী জানান, রমজানে কুল-কলেজের ছুটির ব্যাপারে সরকার কোনো হস্তক্ষেপ করেনি। নির্ধারিত

একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ছুটির বিষয়টি নির্ধারণ করবে। তাছাড়া গ্রীষ্মের ছুটি ১৫ দিনের স্থলে মাত্র ৭ দিন কমানো হয়েছে। তিনি বলেন, দেশে বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে যেগুলো সরকারের নিয়ন্ত্রণে নেই। কয়েক দিন আগে সরকারি শিক্ষার্থীর বাইরে গিয়ে কয়েকটি কলেজ উচ্চ আদালত থেকে নিজেদের পক্ষে রায় নিয়ে এসেছে। তবে এসব প্রতিষ্ঠানকেও নিয়ন্ত্রণে আনার চেষ্টা চলছে। মন্ত্রী বলেন, কিছু হলেই শিক্ষা মন্ত্রণালয়ের বিরুদ্ধে মামলা করা হচ্ছে। বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ের বিরুদ্ধে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রায় সাড়ে সাত হাজার মামলা রয়েছে। অর্ধের অভাবে মন্ত্রণালয় এই মামলাগুলো মোকাবেলা করতে পারছে না।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী কৃষী শিক্ষার্থীদের হাতে সন্মাননা সনদ, ক্রেস্ট ও নগদ টাকা তুলে দেন। রিপোর্টার্স ইউনিটির সদস্যদের কৃষী সন্তানদের মধ্য থেকে অনুষ্ঠানে ভালো ফলাফলের জন্য পিএসসিতে ২৫ জন এবং জেএসসিতে ১৪ জনকে এই সংবর্ধনা দেয়া হয় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ডিআরইউর সাধারণ সম্পাদক ইলিয়াস হোসেন। এ সময় অন নেতারা উপস্থিত ছিলেন।